

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

Tel: 9144252-3, Fax : 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২২.৯৯২.১৮-১৪৩

তারিখঃ ১৭/০৭/২০১৯ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োজিতব্য জনবলের সাকুল্য সেবা মূল্যের উপর সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদেয় ন্যূনতম সার্ভিস কমিশনের হার ৫% (শতকরা পাঁচ) নির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ-অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-১৯৪; তারিখঃ ১৯/০৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবামূল্য নির্ধারণসহ অন্যান্য বিষয়ে অর্থ বিভাগ এর নেতৃত্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পিপিআর, ২০০৮ এর বিধি-২(৪৩) এর বিধান অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োজিতব্য জনবলের সাকুল্য সেবা মূল্যের উপর সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদেয় ন্যূনতম সার্ভিস কমিশনের হার ৫% (শতকরা পাঁচ) নির্ধারণ করা হয়েছে। ক্রয়কারীগণ দরপত্র আহ্বানের পূর্বে বিধি-১৬(৫ক) অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণকালে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদেয় ন্যূনতম সার্ভিস কমিশনের হার নির্ধারণ করবেন। সার্ভিস কমিশনের এ হার সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের ওভারহেড ব্যয় এবং সম্ভাব্য মুনাফা বিবেচনাপূর্বক নির্ধারণ করতে হবে তবে এটি উপরে উল্লিখিত হার অর্থাৎ ৫% এর কম হবে না। দরপত্রদাতা দরপত্রে ক্রয়কারী কর্তৃক নির্ধারিত সার্ভিস কমিশন অপেক্ষা কম মূল্য প্রস্তাব করতে পারবেন না।

০২। আউটসোর্সিং সেবা ক্রয়ের জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল (PSN, July 2019) এর Section 2: Tender Data Sheet এর Clause 22.7 এ ক্রয়কারী সার্ভিস কমিশন এর ন্যূনতম হার উল্লেখ করবেন। ইতোমধ্যে আদর্শ দরপত্র দলিল এর উক্ত Clause টি যথাযথভাবে প্রতিস্থাপন করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি)
সচিব

নং- ২১.০০.০০০০.৩৬৩.২২.৯৯২.১৮-১৪৩


তারিখঃ ১৭/০৭/২০১৯ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা।
৬. সদস্য, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী).....।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. অফিস কপি।


২৭/৭/১৯
(মোসাঃ মোসুমী হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩